

## ফৌজদারী কার্যবিধি ১৪৪ ধারা জারীর বিজ্ঞপ্তি

আগামী ১৭ আগস্ট, ২০২৩ এইচএসসি, ০৭ সেপ্টেম্বর-২০২৩ এইচএসসি (ভোকেশনাল), ১৭ সেপ্টেম্বর ২০২৩ এইচএসসি ব্যবসায় ব্যবস্থাপনা, ও ০১/১০/২০২৩ খ্রি: তারিখ হতে আলিম পরীক্ষা বালিয়াডাঙ্গী উপজেলায় (১) সমিরউদ্দিন স্মৃতি মহাবিদ্যালয় (২) শহীদ আকবর আলী সরকারি বিজ্ঞান ও প্রযুক্তি মহাবিদ্যালয়ে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

যেহেতু উক্ত কেন্দ্রসমূহে পরীক্ষা চলমান সময়ে আইন-শৃঙ্খলা ভঙ্গ হতে পারে, সেহেতু আমি বিপুল কুমার, উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও ফৌজদারী কার্যবিধির ১৪৪ ধারা মতে পরীক্ষা কেন্দ্রে ২০০ গজের মধ্যে পরীক্ষার্থী ও পরীক্ষা কাজে নিয়োজিত ব্যক্তিগণ ব্যতীত সর্বসাধারণের পরীক্ষা কেন্দ্রের অভ্যন্তরে প্রবেশ ও চলাচল নিষিদ্ধ ঘোষণা করলাম।

আরো উল্লেখিত যে, ফটোকপিয়ার মেশিন, কোচিং সেন্টার বন্ধ রাখার জন্য নির্দেশ প্রদান এবং পরীক্ষার্থীদের মোবাইল ফোন বা অন্য কোন ডিভাইস নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

এ আদেশ শুধুমাত্র পরীক্ষার দিন পরীক্ষা আরম্ভ হওয়ার ০১ (এক) ঘণ্টা পূর্ব হতে পরীক্ষা সমাপ্ত হওয়ার ০১ (এক) ঘণ্টা পর পর্যন্ত বলবৎ থাকবে।

আদেশক্রমে

বিপুল কুমার  
নির্বাহী ম্যাজিস্ট্রেট

ও  
উপজেলা নির্বাহী অফিসার  
বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও

তারিখ: ১৬/০৮/২০২৩ খ্রি:।

স্মারক নম্বর-০৫.৫৫.৯৪০৮.০০০০.০০.০০০.২৩-৬৬৯

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরিত হলো:

- ১। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
- ২। পুলিশ সুপার, ঠাকুরগাঁও।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
- ৪। অফিসার ইনচার্জ, বালিয়াডাঙ্গী থানা, ঠাকুরগাঁও। তাকে বর্ণিত স্থানসমূহে ১৪৪ ধারা বলবৎ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
- ৬। অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা,..... বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
- ৭। অফিস কপি।